

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## অর্থ মন্ত্রণালয়

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## (কাস্টমস)

## প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৪৯-আইন/২০১৩/২৪৩৬/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৬২-আইন/২০১২/২৩৯০/কাস্টমস রহিত করিয়া, কাস্টমস ডিউটি আদায়কল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য ব্যবহৃত পুরাতন বা রি-কন্ডিশন্ড মাটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথাঃ-

## শর্ত

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্যের উপর অনধিক ৫ (পাঁচ) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ির জন্য নিম্নোক্ত হারে বছর ভিত্তিক অবচয় সুবিধা প্রযোজ্য হইবে, যথা :-

(ক)	১ (এক) বৎসরের কম পুরাতন/রিকন্ডিশন্ড গাড়ির জন্য -	০%
(খ)	১(এক) বৎসরের অধিক কিন্তু ২(দুই) বৎসরের কম পুরাতন/রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৩০%
(গ)	২(দুই) বৎসরের অধিক কিন্তু ৩ (তিন) বৎসরের কম পুরাতন/রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৩৫%
(ঘ)	৩(তিন) বৎসরের অধিক কিন্তু ৪(চার) বৎসরের কম পুরাতন/রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৪০%
(ঙ)	৪(চার) বৎসরের অধিক কিন্তু ৫(পাঁচ) বৎসর পর্যন্ত পুরাতন/রিকন্ডিশন্ড গাড়ি ও যানবাহনের জন্য -	৪৫% :

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন্যূনতম ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিন হইতে হইবে এবং উহা ন্যূনতম ১০০০ (এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুকায়নকালে-

(অ) জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate ও Japan Auto Appraisal Institute (JAAI) কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র; এবং

(আ) জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনে দাখিল করিতে হইবে।

২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বৎসর গণনার ক্ষেত্রে, গাড়িটি যে তারিখে প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে তারিখ হইতে ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিনে ১ (এক) বৎসর গণনা করিতে হইবে।

ব্যাখ্যা ৪:- সংশ্লিষ্ট মোটর গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে মাসের পরবর্তী মাসের প্রথম তারিখকে শর্ত ১ ও ২ এর উদ্দেশ্যে পূরণকল্পে রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য করিতে হইবে।

৩। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত মূল্য শর্ত ১ ও ২ এর পদ্ধতি অনুসরণে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুকায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।